আটপাড়া উপজেলা পরিষদ কার্যালয়
উপজেলা: আটপাড়া, জেলা: নেত্রকোণা।

আটপাড়া উপজেলা পরিষদের অক্টোবর/২০২২ মাসে অনুষ্ঠিত সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব মোঃ খায়রুল ইসলাম চেয়ারম্যান উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
সভার স্থান	:	উপজেলা পরিষদ সভাকক্ষ, আটপাড়া, নেত্রকোণা।
সভার তারিখ	:	২৭ অক্টোবর ২০২২ খ্রিঃ
সভার সময়	:	বেলা : ১১.০০ ঘটিকা।

সভায় উপজেলা পরিষদ চেয়ারম্যান উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর স্বাগত বক্তব্যসহ সভার কার্যক্রম পরিচালনা করার জন্য জনাব মোঃ শাকিল আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা-কে অনুরোধ করেন। চেয়ারম্যান মহোদয়ের অনুরোধক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা উপজেলা পরিষদের সেপ্টেম্বর ২০২২ মাসের কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান এবং এতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে সভায় দৃঢ়ীকরণ করা হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী এ মাসের মাসিক সভায় বিভাগ ভিত্তিক কার্যক্রম আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

০১। বিভাগীয় আলোচনা :

ক্র: নং	বিভাগীয় আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১.	**উপজেলা প্রাণিসম্পদ বিভাগ:** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, আটপাড়া সভায় জানান যে, অত্র দপ্তরের এন এ টি পি ফেজ-২ প্রকল্পের আওতায় ০৭টি ইউনিয়নে ০৩টি করে টিকা প্রদান ক্যাম্পেইন করার কার্যক্রম নেয়া হয়েছে। যা পর্যায়ক্রমে করা হবে। এছাড়া অত্র দপ্তরের দৈনন্দিন কার্যক্রমের আওতায় গবাদি প্রাণি ও হাঁস মুরগীর টিকা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে।	গবাদি পশুর বিভিন্ন রোগের প্রাদুর্ভাবের বিষয়ে সচেতনতামূলক প্রচারণা এবং খামারিদের নিয়মিত পরামর্শ প্রদান বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা আটপাড়া,নেত্রকোণা
০২.	**উপজেলা স্বাস্থ্য ও প: প: বিভাগ:** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া সভায় জানান যে, কোভিড-১৯ এর টিকা কার্যক্রম চলমান রয়েছে। সেপ্টেম্বর/২০২২ মাসে কোভিড-১৯ কোন রোগী সনাক্ত নেই ও চিকিৎসাধীন কোন রোগী নেই। সেপ্টেম্বর/২০২২ মাসে ডেঙ্গু আক্রান্ত কোন রোগী সনাক্ত নেই ও চিকিৎসাধীন কোন রোগী নেই। এ উপজেলায় ৫-১১ বছর বয়সী শিশুদের ভ্যাকসিন নেওয়া হচ্ছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে।	সরকারী নির্দেশনা মতে করোনার টিকা প্রদান করতে হবে।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।
০৩.	**কৃষি বিভাগ:** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় রোপা আমন মৌসুমে রোপা আমন ধানের আবাদ ভালো হয়েছে। ইঁদুরের আক্রমন থেকে ফসলকে রক্ষা করার জন্য কৃষি বিভাগ বিভিন্ন লিফলেট বিতরণসহ প্রচারনা চালানো হচ্ছে। সবজির আবাদ বাড়ানোর জন্য সবজির প্রণোদনা বিতরণ করা হবে। সরিষার আবাদ ১০০ হেঃ বৃদ্ধির জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	১. সার ও বীজ মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে। ২. কৃষি প্রনোদনা কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।	উপজেলা কৃষি অফিসার আটপাড়া, নেত্রকোণা।

০৪.	**ত্রাণ ও দুর্যোগ বিভাগ:** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, কাবিটা, কাবিখা, টিআর এর বরাদ্দের আলোকে বিভাজন তৈরি করে প্রকল্প তালিকা প্রণয়নপূর্বক দাখিল করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। অতি দরিদ্রদের কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি) এর প্রকল্প দাখিল করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	ইউপি চেয়ারম্যানগণ দ্রুত কাবিটা, কাবিখা, টিআর এবং ইজিপিপি এর প্রকল্প দাখিল করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আটপাড়া,নেত্রকোণা।
০৫.	**প্রাথমিক শিক্ষা বিভাগ:** উপজেলা শিক্ষা অফিসার, আটপাড়া জানান যে, বিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম নিয়মিত মনিটর করা হচ্ছে। করোনাকালীন প্রায় ৩০-৪০% শিক্ষার্থী অন্যত্র গমন করেছে। নিয়মিত হোম ভিজিট এবং মা সমাবেশ করে অনিয়মিত ও ঝড়েপড়া শিক্ষার্থীদের বিদ্যালয়ে ফিরিয়ে আনতে প্রচেষ্টা চালানো হচ্ছে। তিনি আরোও বলেন যে, অত্র উপজেলার প্রত্যেক বিদ্যালয়ে ৫-১১ বছর শিক্ষার্থীদের কোভিড-১৯ ভ্যাকসিন দেওয়া হচ্ছে এবং সকল শিক্ষার্থীরা যেন ভ্যাকসিন পায় তা নিশ্চিত করার জন্য শিক্ষকদের নির্দেশনা দেওয়া হচ্ছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	(১) বিদ্যালয়সমূহে নিয়মিত ভিজিট অব্যাহত রাখতে হবে। (২) বিদ্যালয়ে শ্রেণিভিত্তিক মা সমাবেশ নিয়মিতভাবে করতে হবে এবং শ্রেণি শিক্ষককে অভিভারকগণের সাথে মোবাইলের মাধ্যমে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। (৩) সকল শিক্ষর্থীদের কোভিড-১৯ ভ্যাকসিন দেওয়া নিশ্চিত করতে হবে।	উপজেলা শিক্ষা অফিসার আটপাড়া, নেত্রকোণা।
০৬.	**সমাজ সেবা বিভাগ:** উপজেলা সমাজ সেবা অফিসার, আটপাড়া জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে সকল উপকারভোগীর প্রথম কিস্তির পে-রোল প্রেরণ করা হয়েছে। অত্র উপজেলার প্রতিবন্ধী ভাতা পাওয়ার জন্য আবেদনকারী ব্যক্তিদের যাচাই কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	প্রতিবন্ধী ভাতার ক্ষেত্রে প্রকৃত প্রতিবন্ধীকে নির্বাচিত করতে হবে। এবং সরকারি ভাতা প্রাপ্তিতে যেন কোন জটিলতা সৃষ্টি না হয় সে বিষয়ে সজাগ থাকতে হবে।	উপজেলা সমাজসেবা অফিসার আটপাড়া, নেত্রকোণা।
০৭.	**স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ:** উপজেলা প্রকৌশলী সভায় নিম্নবর্ণিত প্রকল্পসমূহ উপজেলা সমন্বয় সভায় উপস্থাপনপূর্বক সিদ্ধান্ত গ্রহণ করার জন্য তিনি অনুরোধ জানান। ১. UTMIDP প্রকল্পের আওতায় তেলিগাতী বাজারের আভ্যন্তরীন তিনটি সড়ক উন্নয়ন। ২. UTMIDP প্রকল্পের আওতায় তেলিগাতী বাজারে কশাইখান নির্মাণ। ৩. UTMIDP প্রকল্পের আওতায় তেলিগাতী বাজারে পাবলিক টয়লেট নির্মাণ। ৪. UTMIDP প্রকল্পের আওতায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সংযোগ সড়কের অসমাপ্ত সড়ক উন্নয়ন।	UTMIDP প্রকল্পের আওতায় গৃহীত প্রকল্পের কাজ দ্রুত বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী আটপাড়া, নেত্রকোণা।

০৮.	**সমবায় বিভাগ:** উপজেলা সমবায় কর্মকর্তা, আটপাড়া জানান যে, আশ্রয়ন প্রকল্প থেকে অক্টোবর/২০২২ মাসে ৩৭০০/- টাকা ঋণ আদায় করা হয়েছে। নিরীক্ষা ফি বাবদ ২,৪১০/- টাকা ও সমবায় উন্নয়ন তহবিল বাবদ ৭২১/- টাকা আদায় করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	ঋণ আদায় কার্যক্রম জোড়দার করতে হবে।	উপজেলা সমবায় অফিসার আটপাড়া, নেত্রকোণা।
০৯.	**যুব উন্নয়ন অধিদপ্তর:** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, প্রশিক্ষণ ও ঋণ কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে ।	বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে।	উপজেলা যুব উন্নয়ন অফিসার আটপাড়া,নেত্রকোণা।
১০.	**পরিবার পরিকল্পনা বিভাগ:** উপজেলা খাদ্য কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে।	বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা।
১১.	**পল্লী উন্নয়ন বিভাগ:** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, খেলাপী ঋণ আদায়ের হার বাড়ানোর জন্য মাঠ পর্যায়ে নিয়মিত উঠান বৈঠকসহ সমিতি/দলে নোটিশ প্রেরণ কার্যক্রম অব্যহত আছে। এ বিষয়ে সার্টিফিকেট মামলা চালু করা হলে খেলাপী ঋণ আদায়ে আরোও গতিশীল হবে। অপ্রধান শস্য উৎপাদন কর্মসূচির আওতায় ৮০ জন সদস্যের ভিতর সরিষা বীজ বিতরণ করা হবে।	ঋণ আদায় কার্যক্রম জোড়দার করার জন্য প্রয়োজনে সার্টিফিকেট মামলা রুজু করে ঋণ আদায়ে গতিশীলতা আনতে হবে।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা আটপাড়া,নেত্রকোণা।
১২.	**মৎস্য বিভাগ:** উপজেলা মৎস্য কর্মকর্তা অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি।	নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা মৎস্য কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা
১৩.	**উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা:** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, আগামী ০৬ নভেম্বর ২০২২ তারিখ থেকে এইচ,এস,সি ও সমমানের পরীক্ষা তেলিগাতী সরকারি কলেজ এবং আটপাড়া ডিগ্রী কলেজ কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। তিনি সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে এইচ.এস.সি ও সমমানের পরীক্ষা/২০২২সুন্দরভাবে অনুষ্ঠানের নিমিত্ত সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা।
১৪.	**উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা:** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রমের মধ্যে ভিজিডি কার্যক্রমের নাম পরিবর্তন করে ভিডব্লিউবি করা হয়েছে। ২০২১-২০২২ চক্রের মেয়াদ ৩১ ডিসেম্বর ২০২২ খ্রিঃ তারিখে শেষ হবে। নতুন তালিকা প্রস্তুতের এখনও কোন নির্দেশনা পাওয়া যায়নি। নির্দেশনা পাওয়া গেলে সকলকে অবহিত করা হবে। ক্ষুদ্র ঋন বিতরণ করা হয়েছে। নিয়মিত আদায় হচ্ছে এবং আদায়ের হার ৮৫%। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে।	উপজেলা মহিলা বিষয়ক অফিসার আটপাড়া, নেত্রকোণা।

১৫.	**উপজেলা খাদ্য বিভাগ:** উপজেলা খাদ্য কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে।	খাদ্যবান্ধব কর্মসূচীর আওতায় ডিজিটাল তালিকা প্রণয়নের কাজ সঠিক সময়ে শেষ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা খাদ্য কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা। ২। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল),আটপাড়া, নেত্রকোণা
১৬.	**উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:** উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য জানান যে, আর্সেনিক স্ক্রিনিং কার্যক্রম অচিরেই মাঠ পর্যায়ে শুরু হবে। মুজিববর্ষ উপলক্ষ্যে আশ্রয়ন প্রকল্পে নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে। এছাড়া তার বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	মাঠ পর্যায়ে আর্সেনিক স্ক্রিনিং কার্যক্রম দ্রুত শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) আটপাড়া, নেত্রকোণা।
১৭.	**বিদ্যুৎ বিভাগ, আটপাড়া** সহকারী জেনারেল ম্যানেজার সভায় জানান যে, তার বিভাগের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে।	বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে।	সহকারী জেনারেল ম্যানেজার, আটপাড়া পল্লী বিদ্যুৎ সমিতি, আটপাড়া, নেত্রকোণা।

৩ (১)চেয়ারম্যান, স্বরমুশিয়া ইউনিয়ন পরিষদঃ

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

৩ (২)চেয়ারম্যান, শুনই ইউনিয়ন পরিষদঃ

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বলেন যে, তার ইউনিয়নে কোভিড-১৯ টিকা কার্যক্রম চলমান আছে। জন্ম নিবন্ধন কার্যক্রম চলমান আছে। তবে কিছু লোক জন্মনিবন্ধন কার্ডে ইউপি সচিবের স্বাক্ষর জাল করে কার্ড দাখিল করেছেন। এ বিষয়ে একটি অভিযোগ দাখিল করার জন্য ইউপি সচিবকে বলা হয়েছে। তিনি আরোও বলেন যে, তার ইউনিয়নে শুনই নতুন বাজারের ভিতরে একটি কাঁচা রাস্তা রয়েছে, সেটি মেরামত করার জন্য এবং বাজারে একটি শেড নির্মান করে দেওয়ার ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। এছাড়া তার ইউনিয়নে পেয়াজকান্দি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে যে রাস্তা দিয়ে ছাত্র-ছাত্রী যাতায়ত করে সে রাস্তার মাঝখানে একটি ব্রীজ ছিল, বর্তমানে সে ব্রিজটি নেই, সেখানে একটি করে দেওয়ার জন্য তিনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানান।

৩(৩)চেয়ারম্যান, দুওজ ইউনিয়ন পরিষদঃ

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বলেন যে, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী এক ইঞ্চি জায়গাও অনাবাদি রাখা যাবেনা। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নে অত্র উপজেলার প্রত্যেক ইউনিয়নে এলাকা ভিত্তিক চাহিদা অনুযায়ী বীজ সরবরাহ করার জন্য তিনি উপজেলা কৃষি অফিসার, আটপাড়াকে অনুরোধ জানান। এছাড়া তার ইউনিয়নে দুওজ বাজার ও ইউনিয়ন পরিষদের সামনের রাস্তার ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য তিনি উপজেলা প্রকৌশলী, আটপাড়াকে অনুরোধ জানান।

৩ (৪)চেয়ারম্যান, লুনেশ্বর ইউনিয়ন পরিষদঃ

তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন যে, তার ইউনিয়নে লুনেশ্বর ও মির্জাপুর গ্রামে স্যানিটেশনের সমস্যা রয়েছে, এ বিষয়ে প্রকল্প গ্রহণকরতঃ প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য তিনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানান। এ ছাড়া তিনি বলেন যে, উপজেলা নির্বাহী অফিসারের সার্বিক প্রচেষ্টায় তার ইউনিয়ন তথা সমগ্র উপজেলায় প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে ব্যাপক পরিবর্তন এসেছে, এজন্য তিনি উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়াকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বলেন যে, শিক্ষা কমিটি অনুমোদন হয়ে এসেছে, এ ক্ষেত্রে জরুরীভিত্তিতে মিটিং করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানান। তার ইউনিয়নে নারায়ণপুর গ্রামে অনেক পূর্বে একটি বেরীবাঁধ নির্মাণ করা হয়েছিল, সময়ের আবর্তে এবং বিভিন্ন সময় বন্যার কারণে বর্তমানে বেরীবাঁধটি বিলীন হয়ে গেছে, এটিকে জনস্বার্থে পুনর্জীবিত করার জন্য তিনি উপজেলা প্রকৌশলী, আটপাড়াকে অনুরোধ জানান। এছাড়া তিনি বলেন যে, তার ইউনিয়নে সবচেয়ে বড় খাল রাজাখালী খাল, এটি ইরি মৌসুমে শুকিয়ে যায়, ফলে সেচকার্য ব্যহত হয় এবং ফসল উৎপাদন ঠিকমত হয় না। ফসল উৎপাদন বৃদ্ধিতে এবং দেশের উন্নয়নের স্বার্থে এই খালটি খনন করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে তিনি অনুরোধ জানান। এছাড়া গত সভার কার্যবিবরণীতে 'তার ইউনিয়নে বর্তমান আমন মৌসুমে সারের সংকট লাঘবে পূর্বের নিয়োগকৃত সার ডিলারের লাইসেন্স বাতিল করে নতুন করে ডিলার নিয়োগের' বিষয়টি সংশোধনক্রমে যারা সার উত্তোলন করেননি তাদের লাইসেন্স বাতিল করার বিষয়টি প্রতিস্থাপিত হবে।

৩ (৫)চেয়ারম্যান, বানিয়াজান ইউনিয়ন পরিষদঃ

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

৩ (৬)চেয়ারম্যান, তেলিগাতী ইউনিয়ন পরিষদঃ

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা জানিয়ে বলেন যে, তার ইউনিয়নে সবজি চাষের জন্য যথেষ্ট উপযোগী জায়গা রয়েছে। প্রয়োজনীয় সবজি বীজ সরবরাহের ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানান। এছাড়া তিনি আরোও বলেন যে, তার ইউনিয়নে তেলিগাতী বাজারের রাস্তাসমূহ মেরামত করা প্রয়োজন এবং সবজি মহাল রাস্তার উপরে বসে, এ বিষয়ে জরুরীভিত্তিতে ব্যবস্থা গ্রহণ করার জন্য তিনি অনুরোধ জানান।

৩ (৭)চেয়ারম্যান, সুখারী ইউনিয়ন পরিষদঃ

তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন যে, তার ইউনিয়নে বাউশা বাজার মোটামুটি একটি জমজমাট বাজার, এই বাজারে মাছ বিক্রির জন্য কোন শেড নেই, জরুরী ভিত্তিতে একটি শেড নির্মাণ করার জন্য তিনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানান। তিনি আরোও বলেন যে, তার ইউনিয়ন রেন্টিতলা হতে তালতলা পর্যন্ত রাস্তাটি একটি গুরুত্বপূর্ন রাস্তা, এ রাস্তাটি সংস্কার ও মেরামত করার জন্য তিনি অনুরোধ জানান। এছাড়া জন্ম-নিবন্ধনের ক্ষেত্রে বয়স নির্ধারন না করায় জটিলতা সৃষ্টি হচ্ছে, এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ জন্য তিনি উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তাকে অনুরোধ জানান।

৪। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা:

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

৫। ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা:

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

৬। উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণা:

তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বক্তব্য রাখেন। তিনি অত্র উপজেলায় আসন্ন এইচ.এস.সি ও সমমানের পরীক্ষা/২০২২ সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে সম্পন্নের নিমিত্ত সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরোও বলেন যে, খাদ্যবান্ধব কর্মসূচির mis করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান এবং উক্ত খাদ্যবান্ধব কর্মসূচিতে আশ্রয়ন প্রকল্পের লোকদের অন্তর্ভূক্ত করার জন্যও অনুরোধ জানান। এছাড়া সকল বিভাগের সরকারি দায়িত্ব যথাযথভাবে পালন করার জন্য আহবান জানান।

০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা:

তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বক্তব্য রাখেন। তিনি বলেন যে, শিক্ষার মান উন্নয়নে প্রতিটি বিদ্যালয়ে নিয়মিত মা সমাবেশসহ অন্যান্য কার্যক্রম যথাযথভাবে পালন করা উচিত এবং এ বিষয়টি নিশ্চিত করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানান। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নে যথাযথ পদক্ষেপ গ্রহণ করার জন্য এবং এলাকাভিত্তিক চাহিদা অনুযায়ী ইউপি চেয়ারম্যান ও ইউপি মেম্বারগণকে সম্পৃক্ত করে কৃষি ক্ষেত্রে বিপ্লব ঘটানোর জন্য তিনি উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানান। অত্র উপজেলার সুখারী ইউনিয়নে বাউশা বাজারে আগে জায়গা ছিলনা বর্তমানে অনেক জায়গা হয়েছে, বর্তমানে বাজারটি জমজমাট হয়েছে, তাই বাজারে একটি শেড নির্মাণ করার জন্য তিনি উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। এছাড়া তিনি জনপ্রতিনিধি, সকল বিভাগীয় কর্মকর্তা এবং ইউপি চেয়ারম্যানগণকে বার্ষিক উন্নয়ন কর্মসূচির কাজসহ অন্যান্য উন্নয়নমূলক কাজ যথাযথ সময়ে সম্পন্ন করার জন্য বাস্তব পদক্ষেপ গ্রহণ করার অনুরোধ জানান।

০৮। বিবিধ আলোচনা:

ক্র: নং	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১.	আটপাড়া উপজেলা পরিষদের সার্বিক নিরাপত্তার স্বার্থে সিসি ক্যামেরা স্থাপন করা প্রয়োজন এবং মূল ফটকের সংস্কার ও রং করণ প্রয়োজন। এ জন্য ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা উন্নয়ন তহবিল খাত হতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ে প্রকল্প গ্রহণের অনুমোদন প্রয়োজন।	উপজেলা পরিষদের সার্বিক নিরাপত্তার স্বার্থে সিসি ক্যামেরা স্থাপন এবং মূল ফটকের সংস্কার ও রং করণের জন্য ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা উন্নয়ন তহবিল খাত হতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ে প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী আটপাড়া, নেত্রকোণা।
০৪	আটপাড়া উপজেলাধীন বানিয়াজান ইউনিয়ন ভূমি অফিস সংলগ্ন কাচারী বাড়ি জামে মসজিদের সংযোগ সড়ক নির্মাণের জন্য উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ে প্রকল্প গ্রহণের অনুমোদন প্রয়োজন।	আটপাড়া উপজেলাধীন বানিয়াজান ইউনিয়ন ভূমি অফিস সংলগ্ন কাচারী বাড়ি জামে মসজিদের সংযোগ সড়ক নির্মাণের জন্য উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ে প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী আটপাড়া, নেত্রকোণা।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/১০/২২

(মোঃ খায়রুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
আটপাড়া, নেত্রকোণা

স্মারক নং- ০৫.৪৫.৭২০৪.০০১.০৬.০০৪.২২- ১৪২

তারিখঃ ১১ কার্তিক ১৪২৯ বাংলা
২৭ অক্টোবর ২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১. মাননীয় সংসদ সদস্য, ১৫৯ নেত্রকোণা-৩ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৪. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ/জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ, নেত্রকোণা।
০৫. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা
০৬. উপজেলা .....অফিসার, আটপাড়া, নেত্রকোণা।
০৭. চেয়ারম্যান .....ইউনিয়ন পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
০৮. জনাব .....

২৭/১০/২২

(মোঃ শাকিল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা
ফোন নং: ০৯৫২২-৭৪০০১